

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.pressinform.gov.bd



বিষয় : ১৯.১২.২০২১ তারিখ অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক সভার কার্যবিবরণী।

ইনোভেশন অফিসার : জনাব ফায়জুল হক, অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং), তথ্য অধিদফতর, ঢাকা।

তারিখ : ১৯.১২.২০২১ খ্রি.

সময় : সকাল ১১.০০ টায়

স্থান : অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং) মহোদয়ের অফিসকক্ষ, তথ্য অধিদফতর।

তথ্য অধিদফতরের অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং) মহোদয়ের অফিসকক্ষে উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের সভাপতি স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতি মহোদয় অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানান। অতঃপর ইনোভেশন টিমের সদস্য-সচিব ও তথ্য অফিসার (প্রোটকল) জনাব আশরোফা ইমদাদ ২০২১-২০২২ অর্থবছরের জন্য গৃহীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা দফাওয়ারি সভায় উপস্থাপন করেন। গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বিস্তারিত আলোচনা শেষে উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :


ক্র. ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	তথ্য অধিদফতরের ওয়েবসাইটে প্রবেশ করার ৪/৫টি ধাপ শেষে প্রস্তুতকৃত তথ্যবিবরণী দৃশ্যমান/ডাউনলোড করার সুবিধা পাওয়া যায়। সেবাগ্রহীতার সুবিধার্থে ওয়েবসাইট ব্রাউজ করলেই 'প্রতিদিনের তথ্যবিবরণী' - তাৎক্ষণিকভাবে দৃশ্যমানসহ ডাউনলোডের সুবিধা সংবলিত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়েব এডমিন ইনোভেশন টিম
০২	সেবা সহজিকরণ	জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রতিদিনের গুরুত্বপূর্ণ সংবাদের ওপর ভিত্তি করে প্রেসট্রেন্ড বা সংবাদ গতিধারা অনলাইনে প্রস্তুত এবং অনলাইনেই প্রেরণের বিষয়টি সেবা সহজিকরণ হিসেবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং)/ মিডিয়া সেন্টার
০৩	সেবা ডিজিটাইজেশন	পেপার ক্লিপিংস ডিজিটাইজেশন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।	সি. উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং)/মিডিয়া সেন্টার
০৪	ই-নথির ব্যবহার বৃদ্ধির	অধিদফতরের সকল শাখা প্রধানগণ ই-নথি ব্যবহারে তদারকি করবেন এবং কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল শাখা প্রধান
০৫	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় বিষয়ে একটি সভা সম্পন্ন হয়েছে। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড লিয়াজে) মহোদয় এটি বাস্তবায়নে আগামী জানুয়ারী-২০২২ মাসে অভিজ্ঞ সম্পদ ব্যক্তিদের সমন্বয়ে আরেকটি সভা/কর্মশালা আয়োজন করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল ও লিয়াজে)/প্রোটকল শাখা

চলমান পাতা/০২

(Handwritten signature)

০৬	প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশ	তথ্য অধিদফতরের ওয়েবসাইটের সদ্য প্রকাশিত 'মা ও শিশু' পুস্তকটির সফটকপি আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ওয়েব এডমিন সদর দপ্তর/মিডিয়া সেন্টার
০৭	প্রশিক্ষণ আয়োজন	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন বিষয়ে তথ্য অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের সরাসরি অংশগ্রহণে এবং আঞ্চলিক তথ্য অফিসের দপ্তর প্রধানদের (ভার্চুয়াল) সমন্বয়ে 'ব্রডকাস্ট নেটওয়ার্ক এন্ড সাইবার সিকিউরিটি' প্রশিক্ষণটি প্রধান তথ্য কর্মকর্তার অনুমতি সাপেক্ষে ২৭.১২.২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্নের সিদ্ধান্ত হয়।	সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)/প্রশাসন শাখা

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।


২২.১২.২১
ফায়জুল হক

অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল ও মনিটরিং)

ও
ইনোভেশন অফিসার
ফোন : ৯৫৪০৮৩৫

নম্বর. ১৫.৫২.০০০০.০১১.১৬.১৯৭.১৮(অংশ-৮). - ৪০৫৫

তারিখ : ২২.১২.২০২১ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজেঁ/মনিটরিং/প্রশাসন ও অর্থ), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। উপসচিব (প্রশাসন-৪ শাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপ্রধান তথ্য অফিসার (সকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৫। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।
- ০৬। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ/প্রেসট্রেড), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৭। জনাব আশরোফা ইমদাদ, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অফিসার (প্রোটকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৮। গাজী শরীফা ইয়াছমিন, তথ্য অফিসার ও ওয়েব এডমিন, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৯। তথ্য অফিসার (ক্লিপিংস), তথ্য অধিদফতর, ঢাকা।
- ১০। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ ও বিতরণ কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১১। সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১২। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১৩। অতিরিক্ত প্রধান তথ্য অফিসার (প্রোটকল এন্ড মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১৪। সংশ্লিষ্ট নথি।